# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৮

পর্ব-২: ‘ইলম (বিদ্যা) (كتاب العلم)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## اَلْفَصْلُ الثَّانِيْ

আরবী

وَعَنْ إِبْرَاهِيمَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ الْعُذْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «يَحْمِلُ هَذَا الْعِلْمَ مِنْ كُلِّ خَلَفٍ عُدُولُهُ يَنْفُونَ عَنْهُ تَحْرِيفَ الْغَالِينَ وَانْتِحَالَ الْمُبْطِلِينَ وَتَأْوِيلَ الْجَاهِلِين» . رَوَاهُ الْبَيْهَقِيّ

বাংলা

২৪৮-[৫১] ইবরাহীম ইবনু ’আবদুর রহমান আল ’উযরী (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ প্রত্যেক আগত জামা’আতের মধ্যে নেক, তাক্বওয়াসম্পন্ন এবং নির্ভরযোগ্য মানুষ (কিতাব ও সুন্নাহর) এ জ্ঞান গ্রহণ করবেন। আর তিনিই এ জ্ঞানের মাধ্যমে (কুরআন-সুন্নাহ) সীমালঙ্ঘনকারীদের রদবদল, বাতিলপন্থীদের মিথ্যা অপবাদ এবং জাহিল অজ্ঞদের ভুল ব্যাখ্যা-বিশ্লেষণকে বিদূরিত করবেন।[1]

ইমাম বায়হাক্বী হাদীসটি ’মাদ্খাল’ গ্রন্থে মুরসালরূপে বর্ণনা করেছেন।

জাবির (রাঃ)-এর সূত্রে বর্ণিত হাদীস فَإِنَّمَا شِفَاءُ الْعَيِّ السُّوَالُ আমি তায়াম্মুম সম্পর্কিত অধ্যায়ে বর্ণনা করবো ইন-শা-আল্লাহু তা’আলা।

ফুটনোট

[1] সহীহ : বায়হাক্বী ১০/২০৯। আলবানী (রহঃ) বলেনঃ হাদীসটি মুরসাল হলেও সহীহ বটে। কেননা এর অনেক মাওসুল সানাদ আছে। এর কোন কোনটিকে হাফিয আল ‘আলাঈ সহীহ বলেছেন। (বুগ্‌ইয়াতুল মুলতামিস ৩-৪ পৃঃ)

ব্যাখ্যা

ব্যাখ্যা: প্রত্যেক শতাব্দীর বিদ্বানগণ কিতাব ও সুন্নাহর জ্ঞানকে বহন করবেন ও তার প্রতি নিজেরা ‘আমল করবেন ও মৃত হুকুম আহকামগুলোকে সমাজে জীবিতকরণে সদা সচেষ্ট হবেন। যারা কুরআন-সুন্নাহকে এর উদ্দেশিত অর্থের পরিবর্তনকারীদের থেকে, বাতিলপন্থীদের বাতিল অগ্রহণযোগ্য কথা থেকে এবং মূর্খদের বেঠিক ব্যাখ্যা থেকে মুক্ত রাখবেন। হাদীসে কুরআন-সুন্নাহর হুকুম আহকাম সমাজে প্রতিষ্ঠাকরণে উৎসাহিত করা হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54807

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন